



বাংলা ট্রিবিউল

০৫-০৮-২০২৩, অনলাইন

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের কনফারেন্সে যে বিষয়ে গুরুত্ব দিলেন তথ্যমন্ত্রী



‘ইনফরমেশন অ্যান্ড নলেজ ম্যানেজম্যান্ট’ সম্মেলনের প্রধান অধিবেশনে তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে ‘ইনফরমেশন অ্যান্ড নলেজ ম্যানেজম্যান্ট’ শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ বিভাগ এ আয়োজন করে। বাংলাদেশসহ ১১টি দেশের প্রায় ৩০০ ব্যক্তি এতে অংশগ্রহণ করেন। তিন দিনব্যাপী সম্মেলনের প্রধান অধিবেশন শুক্রবার (৪ আগস্ট) বিশ্ববিদ্যালয়ের মঞ্জুর এলাহী অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ। অনুষ্ঠানে ড. হাছান মাহমুদ বলেন, ‘দেশে অবাধ ও স্বাধীন তথ্য প্রবাহে সরকার কোনও ধরনের বাধার সৃষ্টি করে না। কিন্তু গণমাধ্যম কতটা দায়িত্বশীল আচরণ করে তা প্রশ্ন সাপেক্ষ।’

একইসঙ্গে তিনি সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারে সতর্ক থাকার আহ্বান জানান। তার মতে, এসব মাধ্যমে প্রচুর গুজব ও ভুয়া খবর ছড়ানো হয়। কোনটা সত্য সেটা বের করার জন্য জনসাধারণের ‘মিডিয়া ও ইনফরমেশন লিটারেসি’ দরকার বলে তিনি উল্লেখ করেন।

অধিবেশনে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. এম জিয়াউলহক মামুন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন অস্ট্রেলিয়ার মোনাশ ইউনিভার্সিটির অধ্যাপক গিলিয়ান অলিভার। স্বাগত বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ বিভাগের চেয়ারপারসন ড. দিলারা বেগম।